

Real Time Gross Settlement



১. BD-RTGS সিস্টেম কী ?

উত্তর : BD-RTGS সিস্টেম অর্থ বাংলাদেশ রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট সিস্টেম। এটি অর্থ লেনদেনের সবচেয়ে দ্রুত ইলেকট্রনিক ব্যবস্থা। এই লেনদেন ব্যবস্থায় তাৎক্ষণিক (সর্বোচ্চ ৩০ মিনিটের মধ্যে) এক ব্যাংকের গ্রাহকের একাউন্ট হতে অন্য ব্যাংকের গ্রাহকের একাউন্টে টাকা পাঠানো যায়।

২. BD-RTGS সিস্টেমে কী কী ব্যাংকিং সুবিধা আছে?

উত্তর : BD-RTGS সিস্টেমে গ্রাহকের একাউন্টে টাকা পাঠানোর পাশাপাশি আমদানী করা পণ্যের শুল্ক (tax) পরিশোধ করা যাচ্ছে। এছাড়া এই ব্যবস্থায় মূল্য সংযোজন কর (VAT) পরিশোধ এবং চালানের মাধ্যমে সরকারী কোষাগারে প্রদেয় বিবিধ পরিশোধ প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

৩. বর্তমানে কতগুলো ব্যাংক হতে BD-RTGS এর মাধ্যমে অর্থ লেনদেন সম্ভব?

উত্তর: বাংলাদেশে পরিচালিত ৫৯ টি তফসিলী ব্যাংকের ১১০০০ শাখার মধ্যে ৮০০০টি শাখা হতে BD-RTGS এর মাধ্যমে টাকা লেনদেন করা সম্ভব।

৪. BD-RTGS ব্যবস্থায় গ্রাহক সর্বনিম্ন ও সর্বোচ্চ কত টাকা লেনদেন করতে পারেন ?

উত্তর : BD-RTGS ব্যবস্থায় গ্রাহক সর্বনিম্ন ১ লক্ষ টাকা এবং সর্বোচ্চ যে কোন অংকের টাকা লেনদেন করতে পারেন।

৫. BD-RTGS ব্যবস্থায় টাকা পাঠাতে সর্বোচ্চ চার্জ কত?

উত্তর : BD-RTGS ব্যবস্থায় যিনি টাকা পাঠান তাঁকে সর্বোচ্চ ১০০ টাকা চার্জ করা হয়।

৬. BD-RTGS ব্যবস্থায় টাকা পাঠানোর সময়সীমা কী ?

উত্তর : BD-RTGS ব্যবস্থায় ব্যাংকিং কার্যদিবসের সকাল ১০.০০টা হতে বিকেল ৪.০০ টার মধ্যে গ্রাহক লেনদেন নির্দেশ পাঠানোর পর তাৎক্ষণিক (সর্বোচ্চ ৩০ মিনিটের মধ্যে) প্রাপক টাকা পান।

৭. BD-RTGS ব্যবস্থায় টাকা পাঠানোর পদ্ধতি কী ?

উত্তর : ব্যাংকের যে শাখায় গ্রাহকের একাউন্ট রয়েছে সেটিতে BD-RTGS সুবিধা থাকলে গ্রাহক শাখায় গিয়ে নির্ধারিত ফরম পূরণের মাধ্যমে টাকা পাঠানোর নির্দেশ দিবেন। ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত নির্দেশনা অনুসারে টাকা পাঠানোর ব্যবস্থা করবেন। তবে, কিছু ব্যাংক ইন্টারনেট ব্যাংকিংয়ের মাধ্যমেও অনলাইনে BD-RTGS ব্যবস্থায় টাকা পাঠানোর নির্দেশ গ্রহণ করে থাকে।

৮. টাকা পাঠানোর জন্য গ্রাহক কী কী তথ্য প্রদান করবেন ?

উত্তর: BD-RTGS ব্যবস্থায় টাকা পাঠানোর জন্য গ্রাহক প্রাপকের নাম, প্রাপকের ব্যাংক এবং শাখার নাম, টাকার পরিমাণ ও টাকা পাঠানোর উদ্দেশ্য ব্যাংককে প্রদান করবেন।

৯. গ্রাহকের পাঠানো টাকা প্রাপক না পেলে গ্রাহক কি তা ফেরত পাবেন?

উত্তর: কোনও কারণে গ্রাহকের পাঠানো টাকা প্রাপকের ব্যাংক একাউন্টে জমা না হলে গ্রাহক টাকা পাঠানোর নির্দেশ প্রদানের ৩০ মিনিটের মধ্যে তা ফেরত পাবেন।

১০. BD-RTGS ব্যবস্থায় টাকা পাঠাতে বিলম্ব হলে কিংবা ব্যর্থ হলে গ্রাহক কিভাবে এর সমাধান পাবেন?

উত্তর: BD-RTGS ব্যবস্থায় টাকা পাঠাতে বিলম্ব/ব্যর্থ হলে গ্রাহক নিজের ব্যাংক/ব্যাংকের শাখায় অভিযোগ করবেন। এতে সমাধান পাওয়া না গেলে তিনি বাংলাদেশ ব্যাংকের মহাব্যবস্থাপক এর ইমেইল - gm.psd@bb.org.bd এ তার অভিযোগটি জানাবেন।